# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৭৯

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য ওয়াজিব হলো মানুষের কাছে অধিক পরিমাণে না চাওয়া

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ مُجَانَبَةِ الْإِكْثَارِ مِنَ السُّؤَالِ

আরবী

3379 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ يَرْضَى لَكُمْ ثَلَاثًا ويسخطُ لَكُمْ ثَلَاثًا: يَرْضَى لَكُمْ أَنْ تَعْبُدُوهُ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا وَأَنْ تَعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَأَنْ تُنَاصِحُوا مَنْ وَلَّاهُ اللَّهُ أَمْرَكُمْ وَيَسْخَطُ لَكُمْ قِيلَ وَقَالَ وإضاعة المال وكثرة السؤال)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3379 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (685):
م.

বাংলা

৩৩৭৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আল্লাহ তোমাদের তিনটি জিনিস পছন্দ করেন এবং তিনটি জিনিস অপছন্দ করেন। তোমাদের জন্য পছন্দ করেন এটা যে, তোমরা তাঁর ইবাদত করবে, তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না, তোমরা সবাই সমবেতভাবে আল্লাহর রশিকে আকড়ে ধরবে এবং আল্লাহ তোমাদের শাসনভারের দায়িত্ব যাকে অর্পণ করবেন, তোমরা তাকে সদুপদেশ দিবে। তিনি তোমাদের জন্য অপছন্দ করেন অনর্থক কথাবার্তা বলা, সম্পদ অপচয় করা এবং অধিক যাঞ্ছা করা।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৯৯০; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৪৪২; বাগাবী: ১০১; মুসনাদ আহমাদ:

২/৩২৭; সহীহ মুসলিম: ১৭১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৬৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92712

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন